



জরুরী অস্থায়ী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)

মিরপুর সেনানিবাস, ঢাকা- ১২১৬

স্মারক নং ১০০১/বিইউপি/সংস্থাপন/অস্থায়ী

তারিখঃ ১৩ আগস্ট ২০১৭

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) এর ছাত্র/ছাত্রী হলের জন্য নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ীভাবে জনবল নিয়োগের লক্ষ্যে জনসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :

১।	ক। পদের নাম: কেয়ারটেকার (মহিলা) খ। বেতন: সর্বমোট ১২,০০০/- গ। পদের সংখ্যা: ০১ ঘ। সর্বোচ্চ বয়সসীমা: ৩০	ক। শিক্ষাগত যোগ্যতা: যেকোন বিষয়ে স্নাতক ডিগ্রীধারী। শিক্ষাজীবনে কোন স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না। কম্পিউটারে অফিস (এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট) প্রোগ্রামে পারদর্শী হইতে হইবে। খ। অভিজ্ঞতা: কোনো বিশ্ববিদ্যালয় বা স্বায়ত্তশাসিত বৃহৎ প্রতিষ্ঠানে নিরাপত্তা কাজে ৩ বৎসরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রাক্তন সামরিক ও আধাসামরিক বাহিনী সদস্য অগ্রাধিকারযোগ্য এবং বয়সসীমা ৪৫ বৎসর পর্যন্ত এবং শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
২।	ক। পদের নাম: নিরাপত্তাপ্রহরী (মহিলা) খ। বেতন: সর্বমোট ১০,০০০/- গ। পদের সংখ্যা: ০৩ ঘ। সর্বোচ্চ বয়সসীমা: ৩০	ক। শিক্ষাগত যোগ্যতা: এসএসসি/ সমমান পরীক্ষায় পাস। ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না। খ। অভিজ্ঞতা: নিরাপত্তা কাজে প্রশিক্ষণ প্রাপ্ত বেসামরিক/সামরিক/ আধাসামরিক বাহিনীর সদস্য অগ্রাধিকারযোগ্য। নিরাপত্তা কাজে অভিজ্ঞতাসম্পন্ন সামরিক বাহিনীর সদস্যদের সর্বোচ্চ বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
৩।	ক। পদের নাম: বাবুর্চি (মহিলা) খ। বেতনঃ ১০,০০০/- গ। পদের সংখ্যা: ০৩ ঘ। সর্বোচ্চ বয়সসীমা: ৩০	ক। শিক্ষাগত যোগ্যতা: জেএসসি/ সমমান পরীক্ষায় পাস। খ। অভিজ্ঞতাঃ সংশ্লিষ্ট কাজে ০৪ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে।
৪।	ক। পদের নাম: মেস-ওয়েটার (মহিলা) খ। বেতনঃ ১০,০০০/- গ। পদের সংখ্যা: ০২ ঘ। সর্বোচ্চ বয়সসীমা: ৩০	ক। শিক্ষাগত যোগ্যতা: এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। ৩য় শ্রেণী/বিভাগ অথবা ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না। খ। অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে ০৪ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে।
৫।	ক। পদের নাম: পরিচ্ছন্নতাকর্মী (মহিলা) খ। বেতন: ১০,০০০/- গ। পদের সংখ্যা: ০২ ঘ। সর্বোচ্চ বয়সসীমা: ৩০	ক। শিক্ষাগত যোগ্যতা: জেএসসি/সমমান পরীক্ষায় পাস খ। অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৬।	ক। পদের নাম: নিরাপত্তাপ্রহরী (পুরুষ) খ। বেতন: ১০,০০০/- গ। পদের সংখ্যা: ০২ ঘ। সর্বোচ্চ বয়সসীমা: ৩০	ক। শিক্ষাগত যোগ্যতা: এসএসসি/ সমমান পরীক্ষায় পাস। ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না। খ। অভিজ্ঞতা: নিরাপত্তা কাজে প্রশিক্ষণ প্রাপ্ত বেসামরিক ও সামরিক/আধাসামরিক বাহিনীর (অবঃ) সদস্য অগ্রাধিকারযোগ্য।

শর্তাবলীঃ

- ১। অগ্রহী প্রার্থীদের আগামী ২২ আগস্ট ২০১৭ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে (১৪৩০ ঘটিকায়) বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) রেজিস্ট্রার অফিস (সংস্থাপন শাখায়) দরখাস্ত প্রেরণ অথবা নিজে উপস্থিত হয়ে দরখাস্ত জমা দেওয়ার জন্য অনুরোধ করা হইল।
- ২। আবেদনকারীকে সাদা কাগজে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, জাতীয়তা, বয়স, ধর্ম, বর্তমান ঠিকানা (মোবাইল নম্বর সহ), যোগাযোগের মাধ্যম, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা উল্লেখ পূর্বক আবেদন করতে হইবে।
- ৩। প্রভোষ্ট, বিইউপি ছাত্র-ছাত্রী হল এর অনুকূলে সকল পদের জন্য ৩০০ (তিনশত) টাকা মূল্যের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সোনালী ব্যাংকের যেকোন শাখা হতে আবেদনপত্রের সংগে সংযুক্ত করিতে হইবে।
- ৪। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি সংযুক্ত করিতে হইবে।
- ৫। সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট, মার্কশীট এবং প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।
- ৬। অভিজ্ঞতা সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।
- ৭। জাতীয় পরিচয়পত্র (যদি থাকে)/জাতীয়তা সনদপত্র তার সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।
- ৮। খামের উপর প্রার্থীর নিজ জেলা, পদের নাম উল্লেখ করিতে হইবে। ফরমে অবশ্যই নিজ মোবাইল ফোন নম্বর উল্লেখ করিতে হইবে। নিয়োগ সংক্রান্ত যোগাযোগ মোবাইল ফোনে SMS এর মাধ্যমে করা হইবে।
- ৯। আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র ফেরৎ দেওয়া হইবে না।

